

বাউবি/প্রশা(সাধা)/সেবা প্রদান-৩২(১)/২০২১/৬৭৫৬

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ  
০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ


### সভার নোটিশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সেবা প্রদান নিশ্চিতকরার লক্ষ্যে মূল ক্যাম্পাসসহ প্রতিটি আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে সেবা প্রদান এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বাউবির লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে সিটিজেন চার্টার প্রস্তুতের নিমিত্তে বাউবি/প্রশা(সি)-১৭০/২০১৯/২৩৯৯; তারিখ: ২৬/০৮/২০২১ সংখ্যক স্মারকে গঠিত “সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির” সভাপতি বাউবির মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু আগামী ০৯/১২/২০২১ তারিখ বুধবার বেলা ১১:৩০টায় পরিচালক (এসএসএস) এবং আঞ্চলিক পরিচালকগণের সাথে ভার্চুয়াল সভায় সিটিজেন চার্টার প্রস্তুতকরণের বিষয়ে আলোচনা করবেন। ভার্চুয়াল সভার লিংক ই-মেইলে পরবর্তীতে জানানো হবে।

সকল আঞ্চলিক পরিচালক-কে খসড়া সিটিজেন চার্টার পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাবনাসহ নির্ধারিত সময়ে সভায় যোগদানের জন্য অনুরোধ করা হলো।

১. কোন ধরনের ফরমেট ব্যবহার করা যথযথ হবে।
২. সকল আঞ্চলিক কেন্দ্রের সাধারণ (Common) কাজ।
৩. স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রের ব্যতিক্রমধর্মী (Exceptional) কাজ।

বাউবির সকল আঞ্চলিক কেন্দ্রের খসড়া সিটিজেন চার্টার-এর সফটকপি আপনার ই-মেইলে প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

  
০৫/১২/২১  
(মোঃ আব্দুল্লাহ আল কাফি)  
যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন)

ও  
সদস্য-সচিব

সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি

### অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
২. পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ ও হেড অব আইসিটি, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি। উক্ত ভার্চুয়াল সভা অনুষ্ঠানের লিংক সরবরাহসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
৩. আঞ্চলিক পরিচালক (সকল), ... .. আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. একান্ত সচিব, প্রো-উপাচার্য (প্রশাসন)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. সহকারী পরিচালক, রেজিস্ট্রার-এর দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য আঞ্চলিক কেন্দ্র কর্তৃক প্রণীত খসড়া সিটিজেন চার্টার পর্যালোচনার জন্য আঞ্চলিক পরিচালকবৃন্দের সাথে “সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি’র” সভাপতি মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন)-এর সাথে ০৯-১২-২০২১ তারিখ বেলা ১১:৩০টায় অনুষ্ঠিত ভারুয়াল সভার কার্যবিবরণী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে বাউবি’র সকল আঞ্চলিক কেন্দ্র কর্তৃক প্রণীত খসড়া সিটিজেন চার্টার পর্যালোচনার জন্য আঞ্চলিক পরিচালকবৃন্দের সাথে “সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি’র” সভাপতি মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু’র সভাপতিত্বে ভারুয়াল সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি মহোদয় স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বিজয়ের মাসে মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা এবং জুমে সংযুক্ত এসএসএস বিভাগের পরিচালক ও ১২ জন আঞ্চলিক পরিচালককে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে এবং শিক্ষাকে সাধারণ মানুষের দোর গোড়ায় পৌঁছে দেয়ার জন্য “সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন” কমিটি কর্তৃক সিটিজেন চার্টার প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে বাউবি’র বিভিন্ন আঞ্চলিক কেন্দ্র কর্তৃক খসড়া সিটিজেন চার্টার প্রস্তুত করা হয়েছে। তবে খসড়া সিটিজেন চার্টার যথাযথ ফরমেটে হওয়া বাঞ্ছনীয়। এছাড়া বিভিন্ন আঞ্চলিক কেন্দ্রের সাধারণ (Common) কাজ এবং ব্যতিক্রমধর্মী কাজগুলি পৃথকভাবে উপস্থাপন করা প্রয়োজন, যাতে একই বিষয়গুলি বারবার উপস্থাপিত না হয়। তিনি এ বিষয়ে কমিটির উপস্থিত সকল সদস্যের মতামত জানতে চান। সভায় উপস্থিত সদস্যবৃন্দ তাদের মতামত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :


**সিদ্ধান্ত-১**


সকল আঞ্চলিক কেন্দ্রে সিটিজেন চার্টার প্রণয়নের জন্য একটি ফরমেট নির্ধারণ করা হলো। আঞ্চলিক কেন্দ্র ভিত্তিক সিটিজেন চার্টার প্রণয়নের ক্ষেত্রে একই ফরমেট ব্যবহার করতে হবে।

**সিদ্ধান্ত-২**

স্ব-স্ব আঞ্চলিক পরিচালক আঞ্চলিক কেন্দ্রের সাধারণ কাজ (Common) ও ব্যতিক্রমধর্মী কাজগুলো পৃথক করে সিটিজেন চার্টারের খসড়া প্রস্তুত করবেন।

সভায় আর কোন আলোচ্য না থাকায় কমিটির সভাপতি প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৯/১২/২১  
(মোঃ আব্দুল্লাহ আল কাফি)  
যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) ও  
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

  
১ - ১২ - ২০২১  
(অধ্যাপক ড. নাসিম বানু)  
প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) ও  
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি